

হাইকোর্টের রায় \\ ইবির সেই ১০০ শিক্ষার্থীর ভর্তি বহাল থাকছে

নিজস্ব প্রতিবেদক >

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) বিজ্ঞান অনুষদের 'চ' ইউনিটের (গণিত ও পরিসংখ্যান) ভর্তি পরীক্ষা বাতিল করে সিডিকেটের নেওয়া সিদ্ধান্ত অবৈধ ঘোষণা করে রায় দিয়েছেন হাইকোর্ট। ফলে ওই ইউনিটের ১০০ শিক্ষার্থীর ভর্তি বহাল থাকবে বলে জানিয়েছেন আইনজীবীরা। গতকাল সোমবার বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ও বিচারপতি মো. ইকবাল কবীরের হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। 'চ' ইউনিটে ভর্তি বাতিল হওয়া ৮৮ জন শিক্ষার্থীর করা রিট আবেদনে জারি করা রুল যথাযথ ঘোষণা করে এ রায় দেন হাইকোর্ট। আদালতে রিট আবেদনকারীর পক্ষে আইনজীবী ছিলেন ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুব আলম। গত বছর ৭ ডিসেম্বর 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় উত্তীর্ণ ১০০ শিক্ষার্থী গত ১৬ জানুয়ারি ওই দুটি বিভাগে ভর্তি হন। কিন্তু ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগে পর গত ৬ মার্চ ইবি সিডিকেট ভর্তি পরীক্ষা বাতিল করে এবং নতুন করে ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নেয়। এরপর ১৬ মার্চ পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়। এ অবস্থায় ৮৮ জন শিক্ষার্থী তাঁদের ভর্তি পরীক্ষা বাতিলের সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে ১৩ মার্চ হাইকোর্টে রিট আবেদন করেন। ওই দিন আদালত রুল জারি করেন। কিন্তু ইবি কর্তৃপক্ষ ১৬ মার্চ নতুন করে পরীক্ষা নেয়। এ পরীক্ষায় আগে উত্তীর্ণ ১০০ জনের মধ্যে ২৯ জন উত্তীর্ণ হন। এ অবস্থায় হাইকোর্ট রুলের ওপর গুনানি শেষে রুল যথাযথ বলে রায় দেন। ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল সাংবাদিকদের বলেন, ৮৮ শিক্ষার্থী রিট করলেও হাইকোর্টের রায় ভর্তি হওয়া ১০০ শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হবে। ফলে তাঁদের ভর্তি বহাল রইল। তিনি বলেন, নতুন ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ২৯ জন আগের পরীক্ষায় উত্তীর্ণ হওয়ায় তাঁদের নতুন করে ভর্তি হওয়ার প্রয়োজন নেই। পরের পরীক্ষায় উত্তীর্ণ বাকি ৭১ জনও ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হিসেবে ধরে নিতে হবে। ইতিমধ্যে ভর্তির জন্য তাঁদের আর পরীক্ষা দেওয়া লাগবে না।

| | |
|----------------------------------|----------|
| ব্যানবেইস পরিচালকের কার্যালয় | |
| প্রাপ্তি নং..... | |
| তারিখ..... | |
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |
| কার্যার্থে/জ্ঞাতার্থে | |
| | স্বাক্ষর |